Registered No. WB/SC-247

No. WB(Part-I)/2024/SAR-104

# The Kolkata Gazette

सत्यमेव जयते

*Extraordinary*

Published by Authority

PHALGUNA 16] WEDNESDAY, MARCH 6, 2024 [SAKA 1945

PART I—Orders and Notifications by the Governor of West Bengal, the High Court, Government Treasury, etc.

**পশ্চিমবঙ্গ সরকার**

**মৎস্য, জলজ চাষ, জলজ সম্পদ এবং মৎস্য বন্দর দপ্তর**

**আই টি বিল্ডিং, ৩১ জি এন ব্লক, ৭ম এন্ড ৮ম ফ্লোর,**

**সেক্টর-৫, সল্টলেক, কলকাতা-৭০০০৯১**

নং. ৭২৪-মৎস্য/সি-১/৯আর-০১/২০১৪ তারিখ : ৬ই মার্চ, ২০২৪

## প্রজ্ঞাপন

পশ্চিমবঙ্গ সরকার বার্ষিক অর্থবর্ষ ২০২৪-এ 'সমুদ্র সাথী ২০২৪' নামক একটি নতুন প্রকল্প ঘোষণা করেছে যেটি ১লা এপ্রিল ২০২৪ থেকে কার্যকরী হবে। এই প্রকল্প অনুযায়ী ২১ বৎসরের উর্ধ্বে সমস্ত সামুদ্রিক মৎস্যজীবীদের যাঁরা ১৫ই এপ্রিল থেকে ১৪ই জুন পর্যন্ত নিষেধাজ্ঞার কারণে সমুদ্রে মাছ ধরতে যেতে পারছেন না, জীবন ধারণের সাহায্যের জন্য মাথাপিছু মাসে ৫০০০ টাকা করে দুই মাসের সাহায্য প্রদান করা হবে।

## 'সমুদ্র সাথী প্রকল্প, ২০২৪'

**১) এই সুবিধা পাওয়ার যোগ্যতা ঃ**

ক) আবেদন করার সময় মৎস্যজীবীর বয়স ২১ বৎসরের উর্ধ্বে হতে হবে।

খ) একটি পরিবার থেকে অনধিক একজন (দরখাস্তকারী, অভিভাবক, স্বামী বা স্ত্রী এবং নির্ভরশীল সন্তান-সন্ততিদের মধ্যে থেকে কোন একজন) এই সুবিধা পাওয়ার জন্য বিবেচিত হবে।

**২) দরখাস্ত গ্রহণ এবং জমা ঃ**

ক) এই প্রকল্পের একসাথে দুই মাসের সুবিধা পাওয়ার জন্য নিদর্শ-১ পূরণ করে দরখাস্ত করতে হবে।

খ) মৎস্য দপ্তর-এর বৈদ্যুতিন জালক প্রবেশদ্বারের (ওয়েবসাইটের পোর্টালের) মাধ্যমে অনলাইনে দরখাস্ত করতে হবে। প্রয়োজনীয় কাগজপত্র/তথ্যাদি এবং আলোকচিত্র ঐ পোর্টালে দরখাস্ত পত্রের সঙ্গে আপলোড করে দিতে হবে।

গ) সংশ্লিষ্ট ব্লকের মৎস্য সম্প্রসারণ আধিকারিকগণ আবেদনকারীদের দরখাস্ত গ্রহণ করবেন। অনলাইন পোর্টালে দরখাস্ত জমার

ঘ) যদি কোন আবেদনকারী তার দরখাস্ত অফ-লাইনে জমা দিতে চান, সেক্ষেত্রে, পরবর্তী ক্রিয়াকলাপের জন্য সংশ্লিষ্ট আধিকারিক দরখাস্তটি অনলাইনে প্রেরণ করবেন এবং আবেদনকারীকে রসিদ প্রদান করবেন।

ঙ) এই প্রকল্পের অধীনে জমা পড়া দরখাস্ত সরেজমিনে তদন্ত করা হবে, আর্থিক দাবি ন্যায়সঙ্গত কিনা তা নিশ্চিত করার জন্য। দরখাস্ত জমা নেওয়ার পর দশটি কর্মদিবসের মধ্যেই এই তদন্ত প্রক্রিয়া সম্পূর্ণ করতে হবে।

চ) সহ অধিকর্তা মৎস্য (সমুদ্র) তদন্তকারী আধিকারিকের জবাবে সন্তুষ্ট হবার পর সংশ্লিষ্ট মহকুমা শাসকদের কাছে তা অনলাইন-এ সুপারিশ করবেন। সংশ্লিষ্ট মহকুমা শাসকগণ আবেদনটি অনুমোদন করবেন।

ছ) সংশ্লিষ্ট মহকুমা শাসকের অনুমোদন পাওয়ার পর সহ অধিকর্তা মৎস্য (সমুদ্র), ডায়মন্ড হারবার/কাঁথি তিরিশটি কর্মদিবসের মধ্যে তাঁর সংশ্লিষ্ট জেলার [অর্থাৎ সহ অধিকর্তা মৎস্য (সমুদ্র), ডায়মন্ড হারবার উত্তর/দক্ষিণ ২৪ পরগনা ও হাওড়া-এর এবং সহ অধিকর্তা মৎস্য (সমুদ্র), কাঁথি, পূর্ব মেদিনীপুর -এর] জন্য আবেদনপত্রটি মঞ্জুর করবেন এবং আদেশনামা নং দেবেন।

জ) অনুমোদিত দরখাস্তকারীদের নামের তালিকা নামের তালিকা দপ্তর কার্য্যালয়ের জালক দর্শনে (ওয়েবসাইট) প্রদর্শিত হবে।

ঝ) প্রতি বছরের ১৫ই ফেব্রুয়ারী থেকে ১৪ই এপ্রিলের মধ্যে দরখাস্ত জমা করতে হবে।

ঞ) নবীকরণের জন্য কোন সরেজমিন তদন্তের প্রয়োজন নেই। নিদর্শ-২ অনুযায়ী নবীকরণ দরখাস্ত জমা দিতে হবে। সংশ্লিষ্ট মৎস্য সম্প্রসারণ আধিকারিক যদি প্রয়োজন মনে করেন তবে নিজের মত করে কিছু অনুসন্ধান করতে পারেন (অন্তত ৫ শতাংশ)।

৩) **তহবিল ব্যবস্থাপন ঃ**

ক) 'সমুদ্র সাথী প্রকল্প, ২০২৪" -এর তহবিল মৎস্য দপ্তর থেকে সহ-অধিকর্তা মৎস্য (সমুদ্র), ডায়মন্ড হারবার/কাঁথির নিকট সরাসরি বন্টিত হবে। মৎস্য অধিকর্তাকে এ ব্যাপারে সংবাদ প্রেরণ করা হবে। সহ অধিকর্তা মৎস্য (সমুদ্র), ডায়মন্ড হারবার/কাঁথি সংশ্লিষ্ট দরখাস্তকারীদের তহবিল আহরণ ও ব্যায়ন আধিকারক হিসাবে কাজ করবেন।

খ) সহ অধিকর্তা মৎস্য (সমুদ্র), ডায়মন্ড হারবার/কাঁথি সংশ্লিষ্ট কোষাগার থেকে সঠিক নিদর্শ মোতাবেক বিল তোলার ব্যবস্থা করবেন এবং দরখাস্তকারীদের ব্যাঙ্ক জমাখরচ খতিয়ান (ব্যাঙ্ক অ্যাকাউন্ট)-এ সরাসরি (ডিবিটি-র মাধ্যমে) অর্থ বন্টন করবেন।

৪) মৎস্য অধিকর্তা এই প্রকল্পটিকে মুদ্রণ ও বৈদ্যুতিন মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা করবেন।

৫) মৎস্য অধিকর্তা দপ্তরের বৈদ্যুতিন প্রবেশদ্বারে এই প্রকল্পটির প্রচারার্থে বিজ্ঞাপন ও দরখাস্তের নিদর্শ তথা সংযোজনীগুলি আপলোড করবেন।

৬) এই স্মারকলিপিটি অর্থ দপ্তরের ইউ.ও. নং. গ্রুপ এ-১/২০২৩-২০২৪/০১৯৪ তাং ২৯.০২.২০২৪ এবং ইউ.ও. নং. ৫৪৬০ তাং ২৯.০২.২০২৪ গ্রুপ এন অনুযায়ী প্রকাশিত হল।

রাজ্যপালের আদেশানুসারে

রোশনি সেন, আই.এ.এস

*অতিরিক্ত মুখ্য সচিব, পশ্চিমবঙ্গ সরকার*

## নিদর্শ-১

'সমুদ্র সাথী প্রকল্প ২০২৪" -এর সুবিধা প্রাপ্তির জন্য আবেদন ক্রমিক নং ________________ আর এ এম এন -১ (সংশ্লিষ্ট ব্লকের নামের প্রথম চারটি অক্ষর) /* * * * */ ২০২৪

মাননীয়,

মৎস্য সম্প্রসারণ আধিকারিক,

________________ ব্লক,

সমীপেষু,

**বিষয়ঃ 'সমুদ্র সাথী প্রকল্প ২০২৪' অনুযায়ী আর্থিক সুবিধা অনুমোদনের জন্য প্রার্থনা।**

মহাশয়,

আমি শ্রী/শ্রীমতী ________________, পিতা / স্বামীর নাম ________________, ঠিকানাঃ গ্রাম ________________, পিন কোড ________________, জিপি ________________, ব্লক ________________, জেলা ________________, সবিনয়ে জানাচ্ছি যে আমি একজন নিবন্ধিত সামুদ্রিক মৎস্যজীবী (মৎস্যজীবী নিবন্ধন পত্র নং ________________) এবং একারণে আমি এই জীবিকা নির্বাহ সহায়তা বাবদ প্রতিমাসে ৫০০০.০০ টাকা, (১৫ই এপ্রিল থেকে ১৪ই জুন পর্যন্ত) পাওয়ার যোগ্য।

অতএব, আপনার নিকট বিনীত নিবেদন এই যে আপনি অনুগ্রহ করে আমার নামে এই ________________ অর্থবর্ষে ১০,০০০.০০ টাকা মাত্র অনুমোদন করে এবং আমাকে তা প্রদান করে বাধিত করুন।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,

তারিখ ________________

স্থান ________________

আবেদনকারীর স্বাক্ষর

________________

আবেদনকারীর নাম

### <u>ঘোষণা</u>

আমি এতদ্বারা ঘোষণা করছি যে

১) উপরে বর্ণিত সমস্ত তথ্য সত্য এবং আমার সজ্ঞানে ও পূর্ণ বিশ্বাসে করা। যদি পরিবেশিত কোন তথ্য ভুল ও মিথ্যা প্রমাণিত হয় তাহলে তৎক্ষণাৎ আমার দাবী তথা আবেদন পত্র যেন নাকচ করা হয়। তদুপরি ভুল বা মিথ্যা তথ্য পরিবেশনের দায়ে আইনমাফিক শাস্তি গ্রহণ করতেও আমি সম্মত।

২) ১৫ই এপ্রিল থেকে ১৪ই জুন পর্যন্ত সমুদ্রে মাছ ধরতে যাওয়ায় যে নিষেধাজ্ঞা বহাল আছে আমি তা লঙ্ঘন করিনি এবং এই বছরে ঐ সময়ে আমি সমুদ্রে মাছ ধরতে যাব না। আমি যদি কখনও এই নিষেধাজ্ঞা অমান্য করি তাহলে আইনানুগ শাস্তি গ্রহণ করতে বাধ্য থাকব।

________________ ________________

<u>নিদর্শ - ২</u>

'সমুদ্র সাথী প্রকল্প ২০২৪' —এর সুবিধা প্রাপ্তি পুনর্ণবীকরণের আবেদন ক্রমিক নং ____________ আর এ এম এন (সংশ্লিষ্ট ব্লকের নামের প্রথম চারটি অক্ষর)/নবীকরণ/*******/২০১৫/২০২৬ ইত্যাদি

মাননীয়,

মৎস্য সম্প্রসারণ আধিকারিক,

____________ ব্লক,

সমীপেষু,

**বিষয়ঃ 'সমুদ্র সাথী প্রকল্প ২০২৪' মোতাবেক আর্থিক সুবিধা অনুমোদনের জন্য প্রার্থনা ।**

মহাশয়,

আমি শ্রী/শ্রীমতী ____________, পিতা / স্বামীর নাম ____________, ঠিকানাঃ গ্রাম ____________, পিন কোড ____________, জিপি ____________, ব্লক ____________, জেলা ____________, সবিনয়ে নিবেদন করছি যে আমি একজন নিবন্ধিত সামুদ্রিক মৎস্যজীবী এবং একারণে আমি এই জীবিকা নির্বাহ সহায়তা বাবদ প্রতিমাসে ৫০০০.০০ টাকা, (১৫ই এপ্রিল থেকে ১৪ই জুন পর্যন্ত) পাওয়ার যোগ্য। আমি গত বছরেও এই সুবিধাটি প্রাপ্ত হয়েছিলাম এবং আমার দরখাস্তের ক্রমিক নং ছিল ____________ ।

অতএব, আপনার নিকট আমার বিনীত নিবেদন, অনুগ্রহ করে আমার নামে এই ____________ অর্থবর্ষে ১০,০০০.০০ টাকা মাত্র মঞ্জুর করে এবং আমাকে তা প্রদান করে বাধিত করুন।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,

তারিখ

স্থান

____________

____________

আবেদনকারীর স্বাক্ষর

____________

আবেদনকারীর নাম

## সংলগ্নী-১

## অনুসন্ধানকারী আধিকারিকের প্রতিবেদন

সরেজমিনে তদন্ত করে এটা বোঝা গেল যে আবেদনকারী প্রকৃতপক্ষেই একজন সামুদ্রিক মৎস্যজীবী যিনি বর্তমান অর্থবর্ষে সমুদ্রে মাছ ধরার উদ্দেশ্যে যাত্রা করেননি এবং ১৫ই এপ্রিল থেকে ১৪ই জুন পর্যন্ত সমুদ্রে মাছ ধরার নিষেধাজ্ঞা থাকার কারণে সেই সময় জীবিকা অর্জন থেকে বঞ্চিত হবেন। একারণে আবেদনকারী ‘সমুদ্র সাথী প্রকল্প, ২০২৪’-এর সুবিধা পাওয়ার উপযুক্ত।

**অথবা**

নিম্নলিখিত কারণে আবেদনকারী সুবিধাটি পাওয়ার যোগ্য নন।

১)

২)

.

.

.

তারিখ

মৎস্য সম্প্রসারণ আধিকারিক (সীল মোহর)

## সংলগ্নী-২

### অনুমোদন আদেশনামা

১) আবেদনকারী (আবেদনপত্র নং ____________) শ্রী/শ্রীমতী ____________, পিতা / স্বামীর নাম ____________ গ্রামের নাম ____________, পিন কোড ____________, জিপি ____________, ব্লক ____________, জেলা ____________ নিবাসীর দরখাস্ত মৎস্য সম্প্রসারণ আধিকারিক, ____________ ব্লক কর্তৃক যথাযথভাবে অনুসন্ধিত / পরীক্ষিত হয়েছে এবং তিনি আবেদনকারীর সপক্ষে সুপারিশ করেছেন।

২) মহকুমা শাসক ____________ মহকুমা আবেদনপত্রটি অনুমোদন করেছেন।

৩) অতএব, 'সমুদ্র সাথী প্রকল্প, ২০২৪'-এর সুবিধা বাবদ ____________ বর্ষের জন্য ১০,০০০ (দশ হাজার) টাকা মাত্র নিম্নোক্ত আবেদনকারীর সপক্ষে মঞ্জুর করা হল।

| ক্রমিক সংখ্যা | নাম ও ঠিকানা | ব্যাঙ্কের নাম | আই.এফ.এস.সি | অ্যাকাউন্ট নং | টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|
| | | | | | |

৪) উপরে যে টাকার কথা বলা আছে তা দরখাস্ত আবেদনকারীর ব্যাঙ্ক জমাখরচ খতিয়ান (ব্যাঙ্ক অ্যাকাউন্ট)-এ ডিবিটি-র মাধ্যমে প্রেরিত হবে।

৫) যে শীর্ষ গণন-এ (হেড অফ অ্যাকাউন্ট)-এ টাকা দেওয়া হবে তা হল ____________

____________________

সহ অধিকর্তা মৎস্য (সমুদ্র)
ডায়মন্ড হারবার/কাঁথি (সীল মোহর)

Published by the Department of Fisheries, Aquaculture, Aquatic Resources & Fishing Harbours ...